# যখন একটি শিশুর মৃত্যু হয়

## পিতামাতা এবং যত্নদানকারীদের জন্য একটি নির্দেশিকা



ন্যাশনাল চাইল্ড মর্টালিটি ডেটাবেস (NCMD) **হলো NHS ইংল্যান্ড অর্থায়িত একটি কর্মসূচি**

NCMD
National Child Mortality Database

# সূচিপত্র


ভূমিকা 3

## পার্ট 1

একটি শিশু মারা যাওয়ার পর যা যা ঘটে তার সারসংক্ষেপ 4

আপনাকে অবগত করা 5

আপনার মূল কর্মীর ভূমিকা 5

অন্যান্য পেশাজীবীবৃন্দ 5

শিশু মৃত্যুর পরবর্তী প্রাথমিক পদক্ষেপ 6

মৃত্যুর কারণ সম্বলিত মেডিকেল সার্টিফিকেট 6

দীর্ঘমেয়াদী বা প্রাণঘাতী রোগে আক্রান্ত শিশু 6

সম্ভাব্য আরো তদন্তসমূহ 7

তদন্ত শেষ হতে কত সময় প্রয়োজন 7

করোনারের কাজ কী 7

ময়নাতদন্ত এবং প্যাথলজিস্টের ভূমিকা 8

আপনার শিশুর মৃত্যুর কারণ বুঝতে ময়নাতদন্ত সাহায্য করতে পারে 8

করোনারের ইনকুয়েস্ট 9

যখন একাধিক সংস্থা যুক্ত থাকে 10

একটি NHS পেশেন্ট সেফটি ইনসিডেন্ট ইনভেস্টিগেশন 11

শিশু মৃত্যু পর্যালোচনার ফলাফল 12

আপনার শিশুর মৃত্যু নিয়ে স্থানীয় পর্যায়ের আলোচনা 12

শিশু মৃত্যু নিয়ে আঞ্চলিক আলোচনা – চাইল্ড ডেথ ওভারভিউ প্যানেল 13

ন্যাশনাল চাইল্ড মর্টালিটি ডেটাবেস (NCMD) 14

যদি শিশু মৃত্যু পর্যালোচনার নিয়মগুলো মানা না হয় 14

## পার্ট 2

আপনার যা যা করণীয় 15

সহায়তা 15

আপনার শিশুর মৃত্যু নিবন্ধন করা 15

আপনার শিশুর শেষকৃত্যের পরিকল্পনা করা 15

চাইল্ড বেনিফিট এবং অন্যান্য পেমেন্ট 16

অন্যান্য বিবেচ্য বিষয় 17

আরো তথ্য জানতে কোথায় যোগাযোগ করবেন 17

শোকাতুর অবস্থায় সহায়তার উৎসসমূহ 18

## এই নির্দেশিকাটি শোকার্ত পিতামাতা, সহায়তাকারী সংস্থা এবং পেশাদারদের একটি যৌথ প্রচেষ্টায় তৈরি করা হয়েছে; এটি 18 বছরের কম বয়সী সন্তানের পিতামাতা এবং যত্নকারী দের জন্য, যাতে আপনারা বর্তমান পরিস্থিতি এবং প্রাপ্য সহায়তা সম্পর্কে ধারণা পেতে পারেন।

## আপনার সন্তান মারা যাওয়ার প্রথম দিনগুলোতে এই নির্দেশিকাটি আপনাকে দেওয়া উচিত, কারণ আমরা জানি এটি একটি অত্যন্ত কঠিন সময়। সব তথ্য আপনার জন্য প্রয়োজনীয় নাও হতে পারে। আপনি চাইলে এই নির্দেশিকাটি নিজের কাছে রেখে দিতে পারেন এবং পরবর্তীতে আবারও পড়তে পারেন।

> আমরা যখন আমাদের সন্তানকে হারিয়েছিলাম, তখন আমাদের কোনো ধারণাই ছিল না যে সামনে কী হতে যাচ্ছে বা কারা এর সাথে যুক্ত থাকবেন। এই লিফলেটটি আপনাকে জানাবে যে এরপর কী ঘটতে পারে, কাদের কাছ থেকে আপনি খবর পেতে পারেন এবং সাহায্যের জন্য কার সাথে কথা বলতে পারেন। আমরা আশা করি এই লিফলেটটি আপনার মনে থাকা কিছু প্রশ্নের উত্তর দেবে এবং এমন কিছু যা হয়তো আপনি এখনও ভাবেননি এবং পরবর্তীতে একটি প্রয়োজনীয় তথ্যসূত্র হিসেবে কাজ করবে।”
>
> **শোকার্ত পিতামাতা**

প্রতিটি শিশুর মৃত্যুর কারণ খতিয়ে দেখা জরুরি, যাতে এ থেকে যতটা সম্ভব শিক্ষা নেওয়া যায়।

আপনার সন্তান কেন মারা গেছে তা আপনাকে এবং আপনার পরিবারের সদস্যদের বুঝতে সাহায্য করার জন্যই এই পর্যালোচনাটি করা হয়। এটি একই কারণে অন্য শিশুদের মৃত্যু প্রতিরোধ করার চেষ্টাও করবে।

এই নির্দেশিকাটি সেইসব পিতামাতাদের জন্য যাদের সন্তান ইংল্যান্ডে মারা গেছে।

নির্দেশিকাটির **পার্ট 1** শিশু মৃত্যু পর্যালোচনার বিভিন্ন দিক তুলে ধরে।

আপনাকে যা যা করতে হতে পারে এবং এ বিষয়ে আরো তথ্য ও সহায়তা কোথায় পাবেন, তা **পার্ট 2**-এ আলোচনা করা হয়েছে।

এই নির্দেশিকায় একজন মূল কর্মীর তথ্য রয়েছে, যিনি আপনার সাথে যোগাযোগ রাখবেন এবং আপনাকে সহায়তার বিভিন্ন উৎসের সন্ধান দেবেন।

আপনার মূল কর্মী হলেন:

| |
|---|
| |

উপরের বক্সে কোনো নাম ছাড়াই যদি আপনি এই নির্দেশিকাটি পেয়ে থাকেন, তবে এই দায়িত্বে কে থাকবেন তা নিয়ে আলোচনা করতে আপনার পরিচিত পেশাদারদের কারো সাথে যোগাযোগ করুন।

যেখানে পিতামাতা এবং যত্নকারী উল্লেখ করা হয়েছে, সেখানে শিশুর মূল যত্নকারীদের অন্তর্ভুক্ত করা হয়েছে যারা জৈবিক পিতামাতা নাও হতে পারেন; যেমন—যত্নকারী, সমলিঙ্গ সঙ্গী এবং অন্য যেকোনো অভিভাবক।

# পার্ট 1

## একটি শিশু মারা যাওয়ার পর যা যা ঘটে তার সারসংক্ষেপ

একটি শিশুর মৃত্যু যেকোনো পরিবারের জন্য সবচেয়ে কঠিন এবং যন্ত্রণাদায়ক অভিজ্ঞতা। 'চাইল্ড ডেথ রিভিউ' হলো একটি পরিভাষা যা শিশুর মৃত্যুর পর যে আনুষ্ঠানিক প্রক্রিয়াগুলো সম্পন্ন হয় সেগুলোকে বোঝাতে ব্যবহৃত হয়। এমন কিছু বিষয় আছে যা প্রতিটি শিশুর মৃত্যুর ক্ষেত্রেই করা হয়, আবার পরিস্থিতির ওপর ভিত্তি করে কিছু প্রক্রিয়ার প্রয়োজন নাও হতে পারে। আপনার সন্তানের ক্ষেত্রে কী কী পদক্ষেপ নেওয়া হচ্ছে তা সম্পর্কে আপনার মূল কর্মী আপনাকে বিস্তারিত জানাবেন।

নিচের চিত্রটি পুরো প্রক্রিয়ার তিনটি ধাপ এবং এর বিভিন্ন অংশগুলো তুলে ধরছে। এই নির্দেশিকাটি জুড়ে আমরা এই প্রক্রিয়াটি বোঝাতে 'রিভিউ প্রসেস' ব্যবহার করেছি।

নিচে তালিকাভুক্ত প্রতিটি বিভাগ সম্পর্কে এই নির্দেশিকায় আরো বিস্তারিত তথ্য রয়েছে।

**শিশু মৃত্যুর পরবর্তী প্রাথমিক পদক্ষেপ**

- আরো কোনো তদন্তের প্রয়োজন আছে কি না সে বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়
- নোটিফিকেশন পাঠানো হয়
- সরকারি কর্তৃপক্ষের সম্ভাব্য সম্পৃক্ততা যেমন: করোনার, পুলিশ
- মেডিকেল এক্সামিনারের সম্পৃক্ততা

→

**আরো তদন্ত শুরু হতে পারে**

- করোনারের তদন্ত
- ময়নাতদন্ত
- যৌথ সংস্থাভিত্তিক প্রতিক্রিয়া
- NHS পেশেন্ট সেফটি ইনসিডেন্ট ইনভেস্টিগেশন (PSII)

→

**শিশু মৃত্যু পর্যালোচনার ফলাফল**

- পরিবারের প্রশ্ন / মতামত অন্তর্ভুক্ত করে প্রতিটি শিশুর মৃত্যুর স্থানীয়ভাবে পর্যালোচনা
- সমস্ত তদন্ত সম্পন্ন হওয়ার পর, পেশাদারগণ বিবেচনা করেন যে ভবিষ্যতে মৃত্যু রোধ করার প্রচেষ্টায় এখান থেকে কোনো কিছু করার এবং শেখার আছে কি না
- প্রতিটি মৃত্যুই পেশাদারদের তাদের সহায়তা এবং কার্যপদ্ধতি শিখতে ও উন্নত করতে সাহায্য করতে পারে

**পুরো প্রক্রিয়া চলাকালীন আপনার মূল কর্মীর মাধ্যমে আপনাকে সহায়তা এবং তথ্য প্রদান করা হবে**

# আপনাকে অবগত রাখা

## আপনার মূল কর্মীর ভূমিকা

আপনার সন্তানের মৃত্যুর পর যেকোনো পর্যালোচনা বা তদন্ত চলাকালে একজন মূল কর্মী হিসেবে কাজ করার জন্য একজন নির্দিষ্ট ব্যক্তির নাম জানানো হবে। এই ব্যক্তিটির কাছে আপনি শিশু মৃত্যুর পর্যালোচনা প্রক্রিয়া সম্পর্কে যেকোনো তথ্য জানতে পারবেন এবং তিনি আপনাকে প্রয়োজনীয় সহায়তার উৎসগুলো খুঁজে পেতে সাহায্য করবেন।

আপনার মূল কর্মী সাধারণত NHS বা কোনো হসপিসের একজন পেশাদার কর্মী হবেন। তিনি হতে পারেন একজন নার্স, মিডওয়াইফ বা শোকাতুর পরিবারকে সহায়তা প্রদানকারী দলের কোনো সদস্য। যদি আপনার সন্তানের দীর্ঘমেয়াদী কোনো শারীরিক সমস্যা থেকে থাকে, তবে আপনার পরিবারের পরিচিত কোনো পেশাদার ব্যক্তি যেমন- লিয়াজোঁ নার্স এই মূল কর্মী হিসেবে দায়িত্ব পালন করতে পারেন। তাদের কাজ হলো:

- আপনার জন্য একজন নির্ভরযোগ্য এবং সহজেই যোগাযোগ করা যায় এমন ব্যক্তি হিসেবে পাশে থাকা
- আপনার এবং অন্যান্য পেশাদার ব্যক্তিদের মধ্যে সভার সমন্বয় করতে সহায়তা করা
- শিশু মৃত্যুর পর্যালোচনা প্রক্রিয়া এবং প্রয়োজনীয় যেকোনো তদন্ত সম্পর্কে তথ্য স্পষ্টভাবে জানানো
- পেশাদারদের সাথে হওয়া সভাগুলোতে আপনার প্রতিনিধি হিসেবে কথা বলা
- আপনার যেকোনো প্রশ্নের উত্তর দেওয়া এবং পরে সেই বিষয়ে আপনাকে আপডেট জানানো
- আপনাকে যথাযথ শোকাতুর সহায়তা পেতে পথনির্দেশ দেওয়া।

**পুরো পর্যালোচনা প্রক্রিয়াজুড়ে আপনার মূল কর্মী হবেন আপনার প্রধান যোগাযোগকারী ব্যক্তি**

## অন্যান্য পেশাদারগণ

আপনার সাথে যোগাযোগ থাকতে পারে এমন আরো কিছু পেশাদার ব্যক্তি রয়েছেন।

**করোনার** - যদি আপনার সন্তানের মৃত্যু কোনো করোনারের কাছে রেফার করা হয়, তবে করোনারের অফিসার সেই কেসের দায়িত্ব গ্রহণ করবেন।

**মেডিকেল এক্সামিনার** –যে সকল শিশু মৃত্যু করোনার দ্বারা তদন্ত করা হয় না, সেগুলো **NHS মেডিকেল এক্সামিনারদের দ্বারা পর্যালোচনা করা হয়।** মেডিকেল এক্সামিনারগণ হলেন অভিজ্ঞ বা সিনিয়র চিকিৎসক, যারা মৃত্যু সনদ প্রক্রিয়ার আইনি এবং ক্লিনিক্যাল বিষয়গুলোতে বিশেষভাবে প্রশিক্ষিত। মেডিকেল এক্সামিনার আপনাকে এমন একজনের সাথে আলোচনার সুযোগ দেবেন যিনি আপনার সন্তানের চিকিৎসার সাথে যুক্ত ছিলেন না; তিনি হতে পারেন মেডিকেল এক্সামিনার নিজে অথবা মেডিকেল এক্সামিনার অফিসার। যেখানে করোনার যুক্ত থাকেন না, সেখানে তারা যেকোনো মৃত্যুর নিরপেক্ষ পর্যালোচনা প্রদান নিশ্চিত করেন।

**পুলিশ -** যদি কোনো পুলিশি তদন্ত চলে, তবে আপনাকে সহায়তা করতে এবং যোগাযোগের মাধ্যম হিসেবে একজন ফ্যামিলি লিয়াজোঁ অফিসার নিয়োগ করা হতে পারে।

অন্যান্য পেশাদার ব্যক্তিরাও আপনাকে সহায়তা এবং তথ্য প্রদান করতে পারেন। তাদের মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে:

- আপনার GP,
- সোশ্যাল ওয়ার্কার,
- ফ্যামিলি সাপোর্ট ওয়ার্কার,
- মিডওয়াইফ,
- হেলথ ভিজিটর,
- প্যালিয়েটিভ কেয়ার টিম,
- চ্যাপলেন্সি বা পাস্টোরাল সাপোর্ট টিম।

# শিশু মৃত্যুর পরবর্তী প্রাথমিক পদক্ষেপ

পেশাদারগণ বেশ কিছু বিষয়ে সিদ্ধান্ত নেবেন, যার মধ্যে রয়েছে— মৃত্যুর কারণ উল্লেখ করে একটি মেডিকেল সার্টিফিকেট দেওয়া সম্ভব কি না এবং আরো কোনো তদন্তের প্রয়োজন আছে কি না। কিছু বিশেষ ক্ষেত্রে, সাধারণ নিয়ম অনুযায়ী পুলিশ যুক্ত হতে পারে, তবে এর মানে এই নয় যে আপনাকে সন্দেহ করা হচ্ছে।

**অধিকাংশ পরিস্থিতিতে আপনাকে আপনার সন্তানের সাথে কাটানোর জন্য পর্যাপ্ত সময় দেওয়া উচিত**

একজন স্বাস্থ্য সেবাদানকারী আপনার সন্তানের মৃত্যুর বিষয়ে নির্দিষ্ট কিছু ব্যক্তিকে অবহিত করবেন; যেমন— আপনার GP, এবং যদি আপনার সন্তানের মৃত্যু হঠাৎ বা অপ্রত্যাশিতভাবে হয়ে থাকে তবে কর্নারকে।

আপনার সন্তানের স্মৃতিচিহ্ন রাখার সুযোগ আপনার পাওয়া উচিত, যেমন—ছবি, চুলের গুচ্ছ অথবা আপনার সন্তানের হাত ও পায়ের ছাপ। যদি এই সুযোগগুলো আপনাকে দেওয়া না হয়, তবে আপনি নিজে থেকে চেয়ে নিতে পারেন। আপনার সন্তানের সাথে কিছুটা সময় কাটানোর সুযোগও আপনার থাকা উচিত, তবে কিছু বিশেষ পরিস্থিতিতে এটি সম্ভব নাও হতে পারে অথবা অন্য কারো উপস্থিতির প্রয়োজন হতে পারে।

অঙ্গ ও টিস্যু দান করার সম্ভাবনা থাকতে পারে এবং ডাক্তারদের উচিত এই বিষয়ে আপনার সাথে আলোচনা করা। আপনি যদি এই বিষয়টি বিবেচনা করতে চান, কিন্তু এখনো কোনো আলোচনা না হয়ে থাকে, তবে আপনার মূল কর্মীর সাথে কথা বলুন।

**আপনার সন্তানের মৃত্যুর পর্যালোচনায় আপনার মতামত অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং পেশাদারগণ আপনার সাথে এই বিষয়ে আলোচনা করবেন বলে আশা করা হয়।**

## মৃত্যুর কারণ সম্বলিত মেডিকেল সার্টিফিকেট

আপনার সন্তানের মৃত্যুর পর একজন চিকিৎসক দ্রুত একটি মৃত্যুর কারণ সম্বলিত মেডিকেল সার্টিফিকেট প্রদান করতে পারেন, যদি:

- মৃত্যুর কারণটি স্পষ্টভাবে বোঝা যায়
- মৃত্যুটি স্বাভাবিক কারণে হয়ে থাকে
- একজন নিবন্ধিত স্বাস্থ্যকর্মী ঐ সন্তানের চিকিৎসায় নিয়োজিত ছিলেন, এবং
- মৃত সন্তানের সেবার ক্ষেত্রে বড় ধরনের কোনো ত্রুটি বা উদ্বেগের কারণ না থাকে।

## দীর্ঘমেয়াদী বা প্রাণঘাতী রোগে আক্রান্ত শিশু

যদি আপনার সন্তানের কোনো দীর্ঘমেয়াদী অসুস্থতা বা প্রাণঘাতী রোগ থাকে এবং তার মৃত্যু প্রত্যাশিত হয়, তবে সম্ভবত আপনার পরিবার এবং আপনাদের সহায়তাকারী টিমটি মিলে আগে থেকেই একটি উপযুক্ত 'কেয়ার প্ল্যান' তৈরি করে রেখেছেন।

তবুও, করোনারের নির্দেশে ময়নাতদন্তের প্রয়োজন হতে পারে। অন্যথায়, আপনি দ্রুত আপনার সন্তানের মৃত্যু নিবন্ধন করতে এবং আপনার পরিবারের পরিকল্পনা অনুযায়ী অন্ত্যেষ্টিক্রিয়া বা স্মরণসভার আয়োজন করতে পারবেন।

আপনার সন্তানের মৃত্যু নিবন্ধন এবং অন্ত্যেষ্টিক্রিয়া বিষয়ক পরিকল্পনা সম্পর্কিত তথ্য এই নির্দেশিকার 2য় অংশে পাওয়া যাবে।

# সম্ভাব্য আরো তদন্তসমূহ

অনেক মৃত্যুর ক্ষেত্রে, তাৎক্ষণিক সিদ্ধান্ত গ্রহণ ও অবহিতকরণের পরে বাড়তি আর কোনো তদন্ত বা অনুসন্ধানের প্রয়োজন হয় না।

তবে, কিছু কিছু মৃত্যুর ক্ষেত্রে বেশ কিছু অনুসন্ধানের প্রয়োজন হয় যা আমরা এখানে আলোচনা করেছি। এদের মধ্যে আছে:

- করোনারের তদন্ত (পৃষ্ঠা 7 দেখুন)
- ময়নাতদন্ত (পৃষ্ঠা 8 দেখুন)
- জয়েন্ট এজেন্সি রেসপন্স (পৃষ্ঠা 10 দেখুন)
- NHS পেশেন্ট সেফটি ইনসিডেন্ট তদন্ত (পৃষ্ঠা 11 দেখুন)
- ম্যাটারনিটি অ্যান্ড নিউবোর্ন সেফটি তদন্ত (পৃষ্ঠা 11 দেখুন)

কোন তদন্ত বা অনুসন্ধানগুলো প্রয়োজন তা নির্ভর করবে আপনার সন্তানের মৃত্যুর স্বতন্ত্র অবস্থার উপর। মাঝেমধ্যে একই সাথে একাধিক তদন্ত করা হতে পারে।

## তদন্তে কেমন সময় লাগবে?

তদন্তের জন্য প্রস্তাবিত সময়সীমা রয়েছে, তবে বিভিন্ন কারণে তাতে বিলম্ব হয়ে যেতে পারে। ময়নাতদন্তের রিপোর্ট ছয় থেকে বারো মাসের মধ্যে জমা দেওয়ার কথা তবে এর থেকে বেশি সময়ও লেগে যেতে পারে; এবং একটি করোনার তদন্ত ছয় মাসের মধ্যে শেষ হওয়ার কথা। দুর্ভাগ্যবশত, কোনো কোনো ক্ষেত্রে এতে বিলম্ব হয়ে যায়। আপনার কী ওয়ার্কার বা করোনার অফিসার প্রত্যাশিত সময়সীমা সম্পর্কে বলতে পারবেন। এই সময়ের মধ্যে আপনি কোনো একটি প্রতিষ্ঠান থেকে সহায়তা চাইতে পারেন যাদের একটি তালিকা এই গাইডের শেষের দিকে দেওয়া আছে।

## আপনার সন্তানের রেকর্ড অ্যাক্সেস করা

সন্তানের মৃত্যুর অবস্থা সম্পর্কে যথা সম্ভব বোঝার জন্য হেলথ অ্যান্ড সোশ্যাল কেয়ার পেশাদারদের বিভিন্ন ধরনের রেকর্ড অ্যাক্সেস করা যেতে পারে। কিছু ক্ষেত্রে আপনার লিখিত অনুমতির প্রয়োজন হতে পারে, আর বাকি ক্ষেত্রে তথ্য প্রদানের ব্যাপারে আইনি বাধ্যকতা রয়েছে। তথ্য আদানপ্রদান ও রেকর্ড অ্যাক্সেস বিষয়ে আরো জানতে হলে আপনার কী ওয়ার্কারের সাথে কথা বলুন।

## করোনারকী করেন

একজন করোনার কিছু নির্দিষ্ট ধরনের মৃত্যু অনুসন্ধান করেন। করোনারের সম্পৃক্ত হওয়া না হওয়া নির্ভর করবে মৃত্যুটিকে 'স্বাভাবিক' হিসাবে দেখা হচ্ছে কি না। এই শব্দটি করোনাররা ব্যবহার করে থাকেন। 'স্বাভাবিক' মৃত্যু বিবেচনা করা হতে পারে খুবই অপরিপক্ক জন্ম (গর্ভাবস্থার একদম প্রথমদিকে জন্ম হলে) অথবা কোনো সংক্রমণের কারণে হলে। করোনিয়াল দৃষ্টিভঙ্গি থেকে সড়ক দুর্ঘটনা এবং আত্মহত্যা জনিত মৃত্যুকে 'স্বাভাবিক' হিসাবে বিবেচনা করা হয় না। যদি আপনার সন্তানের মৃত্যুর কারণ 'স্বাভাবিক' না হয় বা অজানা থাকে, অথবা যদি স্টেট ডিটেনশনের অধীনে (যেমন মেন্টাল হেলথ সেকশনের অধীনে) সন্তানের মৃত্যু হয়, তাহলে আইন অনুযায়ী সেই মৃত্যু সম্পর্কে করোনার ও পুলিশকে অবহিত করতে হবে।

করোনার সাধারণত অপ্রত্যাশিত মৃত্যুর জন্য ময়নাতদন্তের ব্যবস্থা করবেন যা কোনো প্যাথলজিস্ট বা শিশুদের পেরিন্যাটাল প্যাথলজিস্টের মতো একজন বিশেষজ্ঞ ডাক্তার সম্পন্ন করবেন। ময়নাতদন্তের পরেও যদি মৃত্যুর কারণ সম্পর্কে নিশ্চিত হওয়া না যায় অথবা যদি কারণটিকে 'স্বাভাবিক' মনে না হয়, তাহলে আরেকটি অনুসন্ধান করা হয়।

করোনার প্রক্রিয়ার শুরতেই অনুসন্ধান করাতে পারেন অথবা তদন্তের সিদ্ধান্ত নিতে পারেন, যার অর্থ হলো কোনো আনুষ্ঠানিক তদন্ত শুনানির প্রয়োজন নাও হতে পারে। তদন্ত বা অনুসন্ধান শেষ হতে কয়েক মাস সময় লাগতে পারে। অনুসন্ধান বিষয়ক আরো তথ্য এই গাইডের পৃষ্ঠা 9 ও 10-এ রয়েছে। আপনি করোনারের অফিস থেকে **স্বজন হারানো ব্যক্তিদের জন্য করোনার সার্ভিস বিষয়ক গাইড** এই লিফলেটটি চাইতে পারেন যেখানে করোনার ও তাদের অফিসারদের করনীয় এবং কোনো অনুসন্ধান করা হলে সেখানে কী হয় সেই সম্পর্কিত আরো বিস্তারিত বিবরণ রয়েছে। **মিনিস্ট্রি অভ জাস্টিসের ওয়েবসাইট**থেকেও এটি ডাউনলোড করা যাবে।

## ময়নাতদন্ত এবং প্যাথলজিস্টের ভূমিকা

### ময়নাতদন্ত কী?

ময়নাতদন্ত, যা অটোপসি নামেও পরিচিত, হলো মৃত্যুর পর কোনো ব্যক্তির পরীক্ষা। শিশুদের ময়নাতদন্ত করাতে হবে শিশু-কিশোরদেরকে আক্রান্তকারী রোগ ও সমস্যা সম্পর্কে অভিজ্ঞ একজন প্যাথলজিস্টের দ্বারা।

### আপনার সন্তানের ময়নাতদন্ত করানোর ব্যাপারে কি আপনি সিদ্ধান্ত নিতে পারবেন?

আপনার সন্তানের মৃত্যুর বিষয়টি যদি করোনারের কাছে প্রেরণ করা হয়ে যায়, তাহলে আপনি আর ময়নাতদন্ত হওয়া না হওয়ার ব্যাপারে কোনো সিদ্ধান্ত দিতে পারবেন না। তবে, আপনি চাইলে আপনার ইচ্ছাগুলো উপস্থাপন করতে পারবেন যা করোনার বিবেচনা করবেন।

যদি করোনার সম্পৃক্ত না হন, তাহলে আপনি সিদ্ধান্ত দিতে পারবেন যে ময়না তদন্ত হবে কি না। আপনার উচিত হবে হেলথকেয়ার কর্মীদের সাথে আলোচনা করে সিদ্ধান্ত নেওয়া যে আপনার ও আপনার পরিবারের জন্য ময়নাতদন্ত করানো সঠিক হবে কি না।

### ময়নাতদন্ত গুরুত্বপূর্ণ কেন?

ময়নাতদন্ত থেকে নিম্নলিখিত বিষয়গুলো উঠে আসতে পারে **পারে** :

- আপনার সন্তানের মৃত্যুর চিকিৎসা ভিত্তিক ব্যাখ্যা পাওয়া যেতে পারে
- আপনি অন্যান্য যে রোগ বা সমস্যা নিয়ে উদ্বিগ্ন ছিলেন সেগুলোর সম্ভাবনা বাদ দেওয়া যেতে পারে
- আরো কোনো সমস্যা চিহ্নিত করা যেতে পারে যা আপনার পরিবারের জানা জরুরি
- এমন কোনো তথ্য পাওয়া যেতে পারে যা ভবিষ্যতে আপনার পরিবার বা অন্য শিশুদের উপকারে আসবে।

**ময়নাতদন্ত বুঝতে সাহায্য করতে পারে কেন আপনার সন্তানের মৃত্যু হলো**

কিছু কিছু ক্ষেত্রে, ময়নাতদন্তে মৃত্যুর কারণ উদঘাটন নাও হতে পারে।

### ময়নাতদন্তের সময় আপনার সন্তানের সাথে কী করা হয়?

ময়নাতদন্তের ব্যাপারে নির্দেশনা বা সম্মতি আসলে যথা দ্রুত সম্ভব তা সম্পন্ন করার ব্যবস্থা করা হয়, সাধারণত কয়েক দিনের মধ্যে। আপনার সন্তানকে অন্য কোনো হাসপাতালে স্থানান্তর করার প্রয়োজন হতে পারে যেখানে একজন বিশেষজ্ঞ শিশু প্যাথলজিস্ট রয়েছেন।

ময়নাতদন্তের সময় প্যাথলজিস্ট সকল প্রধান অঙ্গ পরীক্ষা করবেন এবং মৃত্যুর কারণ সংক্রান্ত কোনো লক্ষণ পাওয়া যায় কি না দেখবেন।

ময়নাতদন্তের সময় আপনার সন্তানের ঠিক ততটাই যত্ন নেওয়া হয় যতটা কোনো অপারেশনের ক্ষেত্রে নেওয়া হতো। এই **ভিডিও** ঐ সকল পরিবারের জন্য যাদেরকে ময়নাতদন্ত করানোর ব্যাপারে সিদ্ধান্ত নিতে হবে।

ময়নাতদন্তের সময় বিশেষজ্ঞ পরীক্ষা করানোর জন্য একাধিক ছোট ছোট নমুনা সংগ্রহ করা লাগে। এদেরকে বলা হয় 'ব্লক অ্যান্ড স্লাইডস'। পরীক্ষা সম্পন্ন হয়ে গেলে এই নমুনাগুলো নিয়ে কী করা হবে সে সম্পর্কে আপনার মতামত জানতে চাওয়া হবে। আপনি বলতে পারেন, হয়:

- নমুনাগুলো আপনাকে ফেরত দেওয়া হোক (করোনারের অফিসে আপনাকে বলতে পারবেন আপনি নমুনাগুলো নিয়ে কী করবেন)
- নমুনাগুলোকে আপনার সন্তানের মেডিকেল রেকর্ডের অংশ হিসাবে, অথবা আপনার সম্মতিক্রমে গবেষণা, ভবিষ্যত পরীক্ষানিরীক্ষা বা অন্যান্য উদ্দেশ্যে ব্যবহারের জন্য হাসপাতালে রেখে দেওয়া হোক, অথবা
- হাসপাতাল যেন সংবেদনশীলভাবে সেগুলোকে অপসারণ করে ফেলে।

কোনো কোনো মা-বাবা জানতে পেরে প্রশান্তি অনুভব করেছেন যে তাদের সন্তানের টিস্যু গবেষণার কাজে অথবা ভবিষ্যত চিকিৎসার অগ্রগতিতে তথ্য দিয়ে সাহায্য করতে পারবে। দ্য হিউম্যান টিস্যু অথরিটি (HTA) নিশ্চিত করে যেন মানব টিস্যু নিরাপদে, নৈতিকতা মেনে ও যথাযথ সম্মতিক্রমে ব্যবহার করা হয়। ময়নাতদন্ত বিষয়ক আরো তথ্য তাদেরওয়েবসাইটে পাওয়া যাবে। পরিবারের জন্য টিস্যু সংরক্ষণ বিষয়ক এই ভিডিওতে আরো তথ্য রয়েছে যা আপনার সিদ্ধান্ত গ্রহণে সাহায্য করবে।

ময়নাতদন্ত সম্পন্ন হওয়ার পর, এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে করোনারের অনুমতি সাপেক্ষে আপনি আপনার সন্তানকে দেখতে পারবেন এবং সিদ্ধান্ত নিতে পারবেন অন্ত্যেষ্টিক্রিয়ার আগে তাকে কোথায় রাখা হবে। হতে পারে সেটি আপনার বাসায় কিছুক্ষণ অথবা ধর্মশালার মতো কোনো জায়গায়। যদি আপনার জন্য 24 ঘণ্টার মধ্যেই অন্ত্যেষ্টিক্রিয়া সম্পন্ন করা জরুরি হয়ে থাকে, তাহলে সংশ্লিষ্ট সকলেই তা সম্ভব করার সর্বোচ্চ চেষ্টা করবেন, তবে ময়নাতদন্তের প্রয়োজন হলে হয়ত সেটি সম্ভব হবে না।

## ময়নাতদন্তের ফলাফল

ময়নাতদন্তের পরে প্যাথলজিস্ট প্রাপ্ত ফলাফলের উপর একটি রিপোর্ট লিখবেন। যদি আরো পরীক্ষার প্রয়োজন থাকে, তাহলে এটি হবে একটি প্রাথমিক রিপোর্ট। যদি হাসপাতাল থেকে ময়নাতদন্তের আদেশ দেওয়া হয়ে থাকে (করোনারের পরিবর্তে) তাহলে ফলাফল নিয়ে আরো পরামর্শ সহ কথা বলার জন্য আপনার সাথে যোগাযোগ করা হবে। আপনি চাইলে রিপোর্টের একটি পূর্ণ কপি পাবেন। আপনি আপনার কী ওয়ার্কারকে বলে এই রিপোর্টের অ্যাক্সেস পেতে পারেন। এই রিপোর্টটিতে অনেক বেশি চিকিৎসা বিজ্ঞানের ভাষা ব্যবহার করা হবে, সে কারণে এটি পড়ার সময় যদি আপনার কী ওয়ার্কার একজন ডাক্তারকে সাথে রাখার ব্যবস্থা করেন তাহলে খুবই সুবিধা হবে।

করোনার যদি ময়নাতদন্তের কথা বলে থাকেন, তাহলে প্রাথমিক ফলাফলগুলো তার কাছেই প্রেরণ করা হবে। সম্ভব হলে করোনারের অনুমতি সাপেক্ষে আপনাকে ফলাফলের কিছু তথ্য দেওয়া যেতে পারে। বিভিন্ন পরীক্ষার ধরন ও সংখ্যার উপর নির্ভর করে চূড়ান্ত ময়নাতদন্তের রিপোর্ট তৈরি হতে কয়েক মাস সময় লাগতে পারে। এরপরে করোনার সিদ্ধান্ত নেবেন ফলাফলগুলো আপনাকে কিভাবে জানানো হবে।

## করোনারেরঅনুসন্ধান

অনুসন্ধান হলো একটি আইনি তদন্ত:

- কে মারা গেছেন, কখন ও কোথায় তা নিশ্চিত করার জন্য, এবং
- বোর্ড টার্মে মৃত্যুর কারণ প্রতিষ্ঠা করার জন্য।

এর মধ্যে অভিযোগ বা দোষারোপ অন্তর্ভুক্ত নেই। করোনার নির্দিষ্ট কোনো উদ্বেগ সম্পর্কে একটি রিপোর্ট লিখতে পারেন যদি তিনি মনে করেন যে তা ভবিষ্যতে কোনো মৃত্যু প্রতিরোধে সহায়ক হতে পারে।

করোনার যদি কোনো অনুসন্ধান বিষয়ক শুনানি আয়োজনের সিদ্ধান্ত নেন, তাহলে আপনাকে তার সময় ও স্থান সম্পর্কে বিস্তারিত জানানো হবে। আপনাকে একজন সাক্ষী হিসাবে ডাকা হতে পারে; সেই ক্ষেত্রে আপনার উপস্থিতি আবশ্যক। আর সাক্ষী হিসাবে ডাক না পড়লে অংশগ্রহণ করা না করা আপনার ইচ্ছা। অনুসন্ধানে আপনি প্রশ্ন জিজ্ঞাসা করতে পারেন এবং আপনাকেও প্রশ্ন জিজ্ঞাসা করা হতে পারে। অন্যান্য পেশাদারও উপস্থিত থাকতে পারেন। অনুসন্ধান জনসাধারণের জন্য উন্মুক্ত এবং সেখানে সাংবাদিকরা উপস্থিত থাকতে পারেন। কোনো কোনো ক্ষেত্রে জুরিদেরকে সম্পৃক্ত করা হতে পারে।

কোনো অনুষ্ঠিতব্য অনুসন্ধানের ক্ষেত্রে আপনি করোনারের কোর্ট সাপোর্ট সার্ভিস থেকে আরো সহায়তা চাইতে পারেন যাদের নাম এই গাইডের শেষে তালিকাভুক্ত রয়েছে।

# জয়েন্ট এজেন্সি কখন সম্পৃক্ত হয়

## জয়েন্ট এজেন্সি রেসপন্স কী?

নির্দিষ্ট ক্ষেত্রসমূহে, যেমন মৃত্যুর কারণ তাৎক্ষণিক স্পষ্ট না হলে, স্বাস্থ্য পেশাদাররা পুলিশ ও অন্যান্য এজেন্সির সাথে মিলে একযোগে আপনার সহায়তায় কাজ করবেন এবং বোঝার চেষ্টা করবেন কিভাবে এবং কেন আপনার সন্তানের মৃত্যু হলো। একে বলে জয়েন্ট এজেন্সি রেসপন্স (মাঝেমধ্যে একে বলা হয় 'তাৎক্ষণিক প্রতিক্রিয়া')।

## কখন এর প্রয়োজন হয়?

জয়েন্ট এজেন্সি রেসপন্স প্রয়োজন হয় যখন আপনার সন্তানের মৃত্যু:

- বাহ্যিক কারণে (যেমন দুর্ঘটনা) ঘটে বা ঘটে থাকতে পারে
- আকস্মিক হয় এবং কোনো তাৎক্ষণিক স্পষ্ট কারণ না থাকে
- কোনো হেফাজতে হয় বা যেখানে সন্তান মেন্টাল হেলথ অ্যাক্টের অধীনে বন্দী থাকাকালে হয়
- যেখানে প্রাথমিক অবস্থা থেকে সন্দেহ জাগে যে মৃত্যুটি স্বাভাবিক ছিলো না, অথবা
- যখন কোনো শিশু বাড়িতে কোনো স্বাস্থ্য পেশাদারের অনুপস্থিতিতে জন্মগ্রহণ করে এবং তার মৃত্যুকে মৃত প্রসব হিসাবে অবহিত করা হয়।

**জয়েন্ট এজেন্সি রেসপন্স হলো যখন বিভিন্ন এজেন্সির পেশাদাররা একসাথে কাজ করেন**

সকল জয়েন্ট এজেন্ট রেসপন্সে অথবা অন্য যে সকল ক্ষেত্রে আরো অনুসন্ধানের প্রয়োজন আছে সেখানে পুলিশ সম্পৃক্ত হবে। এর মানে এই নয় যে আপনাকে সন্দেহ করা হচ্ছে; তাদের ভূমিকা হচ্ছে করোনারের পক্ষে কাজ করা এবং যেকোনো বেআইনি কাজ বা ঘটনার সম্ভাবনাকে দূর করা।

জয়েন্ট এজেন্সি রেসপন্সের তিনটি মূল ধাপ রয়েছে:

1. তাৎক্ষণিক প্রতিক্রিয়া: অবিলম্বে: সাধারণভাবে আপনার সন্তানকে একটি অ্যাক্সিডেন্ট অ্যান্ড এমার্জেন্সি ডিপার্টমেন্টে স্থানান্তর করা হবে। বিভিন্ন পেশাদারের মধ্যে যেমন পুলিশ ও শিশুরোগ বিশেষজ্ঞদের মধ্যে প্রাথমিক আলোচনা হবে, এবং কী ঘটেছে সে সম্পর্কে আপনাকে কিছু প্রশ্ন জিজ্ঞাসা করা হবে।

2. প্রাথমিক প্রতিক্রিয়া: সাধারণত প্রথম সপ্তাহের মধ্যে: সংশ্লিষ্ট সকল পেশাদার আপনার সন্তানের ব্যাপারে তথ্য আদানপ্রদান করবেন। যদি বাড়ি থেকে দূরে কোথাও আপনার সন্তানের মৃত্যু হয়ে থাকে, তাহলে পেশাদাররা সেই সেই স্থানটি পরিদর্শন করতে পারেন। যদি সন্তানের মৃত্যু বাড়িতে হয়, বিশেষ করে যদি সে একটি শিশু হয়, তাহলে আপনার সাথে আপনার বাড়িতে সাক্ষাৎ করা হবে। সাধারণভাবে একজন স্বাস্থ্য পেশাদার ও একজন পুলিশ অফিসার যৌথভাবে এই পরিদর্শন বা সাক্ষাৎ করতে আসবেন। আপনার সন্তানের মৃত্যুর আগে ও পরে কী ঘটেছিলো সে সম্পর্কে তারা প্রশ্ন করবেন।

3. পরবর্তী প্রতিক্রিয়া: এক সপ্তাহের পর থেকে। এই ধাপটি কয়েক মাস চলতে পারে: প্রয়োজনে পিছনের আরো সংশ্লিষ্ট তথ্য সংগ্রহ করা হতে পারে, যেমন হেলথ রেকর্ড, ম্যাটারনিটি ও নিওন্যাটাল নোট, অথবা অন্যান্য সংশ্লিষ্ট তথ্য। সংগৃহীত তথ্য নিয়ে পর্যালোচনা করার জন্য জয়েন্ট এজেন্সি টিম সাক্ষাৎ করবেন। তারা করোনারের তদন্তের জন্য প্রয়োজনীয় তথ্য প্রদান করবেন, এবং টিমের সদস্যরা আপনার সাথে সাক্ষাৎ করে তাদের উপসংহার নিয়ে আলোচনা করবেন।

## NHS পেশেন্ট সেফটি ইনসিডেন্ট তদন্ত

যদি এমন কোনো সম্ভাবনা থাকে যে আপনার সন্তানকে NHS কেয়ার প্রদানের সময়, অথবা আপনার গর্ভাবস্থায় ও শিশুর জন্মের সময় কেয়ার প্রদানে কোনো ভুল হয়েছে, এবং যদি ঠিক জন্মের পরপর শিশু মারা যায়, তাহলে একটি পেশেন্ট সেফটি ইনসিডেন্ট তদন্তের সিদ্ধান্ত হতে পারে যাতে কী ঘটেছে সে সম্পর্কে NHS জানতে পারে। যদি আপনার দৃঢ় ধারণা থাকে যে আপনার সন্তানকে (অথবা আপনার গর্ভাবস্থায় আপনাকে ও শিশুর জন্মের সময়) প্রদত্ত কেয়ারে কোনো ভুল ছিলো, এবং তার সম্ভাব্য বা নিশ্চিত কোনো প্রভাব সন্তানের মৃত্যুর উপর ছিলো, তাহলে সেটি প্রতিষ্ঠানের কাছে আপনাকে স্পষ্ট করতে হবে। আপনার ধারণার সাথে একমত হতে তারা বাধ্য নন, তবে তাদেরকে অবশ্যই তাদের প্রতিক্রিয়া ব্যাখ্যা করতে হবে। **Sands একটি ডকুমেন্ট প্রস্তুত করেছে** যাতে আপনি বুঝতে পারেন কিভাবে উদ্বেগ উত্থাপন করবেন বা অভিযোগ দায়ের করবেন।

পেশেন্ট সেফটি ইনসিডেন্ট তদন্ত পরিচালনা করবেন প্রতিষ্ঠানের প্রশিক্ষিত তদন্তকারীরা যারা বিভিন্ন টুলের সাহায্যে পুঙ্খানুপুঙ্খভাবে বোঝার চেষ্টা করবেন যে কী ঘটেছে এবং কেন ঘটেছে।। এই ধরনের তদন্তে মৃত্যুর কারণ নিশ্চিত করা হয় না এবং মৃত্যুর জন্য কাউকে দায়ী করাও এই তদন্তের উদ্দেশ্য নয়। এটি NHS সংস্থাগুলোকে বুঝতে সাহায্য করে কিভাবে ক্ষতি পুনরাবৃত্তির ঝুঁকি কমানো যায়।

## NHS পেশেন্ট সেফটি ইনসিডেন্ট তদন্তের সময় কী ঘটে?

শুরু থেকে পুরো প্রক্রিয়া জুড়ে আপনার অবগত ও সম্পৃক্ত থাকার, এবং চূড়ান্ত রিপোর্ট দেখার অধিকার রয়েছে। 6 মাসের মধ্যেই তদন্ত সম্পন্ন হওয়ার কথা, তবে বিষয়গুলো জটিল হলে আরো দীর্ঘ সময় লাগতে পারে।

যে সকল শিশু সঠিক সময়ে (গর্ভের 37 সপ্তাহ বা তার বেশি সময় পরে) জন্মগ্রহণ করেছে, এবং জন্মদানের সময় জীবিত ছিলো, কিন্তু জন্মের এক সপ্তাহের মধ্যে মারা গেছে, তাদের ব্যাপারে গুরুতর ঘটনা তদন্তের দায়িত্ব থাকবে ম্যাটারনিটি অ্যান্ড নিউবোর্ন সেফটি ইনভেস্টিগেশন (MNSI) প্রোগ্রামের উপর। এটি একটি বাহ্যিক তদন্ত, অর্থাৎ এতে আপনার সন্তান যে হাসপাতালে মারা গেছে তারা যুক্ত থাকবেন না। MNSI তদন্ত শুধুমাত্র আপনার সম্মতি সাপেক্ষেই হতে পারে। অন্যথায়, যে হাসপাতালে আপনার সন্তানের মৃত্যু হয়েছে তারাই PSII-এর সাহায্যে মৃত্যু সম্পর্কিত তদন্ত করবেন। MNSI বা PSII উভয় তদন্তেই আপনার সম্পৃক্ত হওয়ার অধিকার রয়েছে।

তদন্ত শেষে ঘটনা ও ঘটনার কারণ বর্ণনা করে (বিদ্যমান ও প্রাপ্ত প্রমাণাদির ভিত্তিতে যথা সাধ্য সম্ভব) একটি রিপোর্ট প্রস্তুত করা হবে এবং NHS সংস্থাগুলোর ভবিষ্যত করণীয় সম্পর্কে পরামর্শ প্রদান করা হবে যাতে ভবিষ্যতে ক্ষতির ঝুঁকি কমানো যায়। রিপোর্টটি আপনাকে জানানো হবে এবং হাসপাতাল কর্মীদের সাথে আপনার একটি সাক্ষাতের আয়োজন করে সেটি নিয়ে আলোচনা করা হবে এবং আপনার কোনো প্রশ্ন থাকলে বা ব্যাখ্যার প্রয়োজন হলে সেগুলো প্রদান করা হবে।

এই লিংক থেকে **পেশেন্ট সেফটি ইনসিডেন্ট রেসপন্স ফ্রেমওয়ার্ক** সম্পর্কে আরো তথ্য পাওয়া যাবে।

আপনি **MNSI তদন্ত সম্পর্কে আরো তথ্য পাবেন তাদের ওয়েবসাইটে**

# শিশু মৃত্যু পর্যালোচনার ফলাফল

## জন্মের ঠিক পরপর শিশুর মৃত্যু পর্যালোচনা

যে সকল শিশু জন্মের ঠিক পরপর মারা যায়, তাদের মৃত্যু পর্যালোচনার মান উন্নত করার লক্ষ্যে ন্যাশনাল **পেরিন্যাটাল মর্টালিটি রিভিউ টুল** (PMRT) নামে একটি টুল তৈরি করা হয়েছে। PMRT এমনভাবে তৈরি করা হয়েছে যাতে মায়ের গর্ভাবস্থায় ও শিশুর জন্মের সময়, এবং শিশুর জন্মের পর তাকে প্রদত্ত কেয়ার সম্পর্কে একটি উচ্চ মান সম্পন্ন আদর্শ পর্যালোচনা পরিচালনা করা যায়। PMRT হলো একটি ইন্টারেক্টিভ ওয়েব-ভিত্তিক টুল যেটি পর্যালোচনা প্রক্রিয়ায় দিকনির্দেশনা দিয়ে কেয়ারের সকল বিষয় যেন জাতীয় দিকনির্দেশনা ও মান অনুসারে বিবেচনা ও পর্যালোচনা করা হয় তা নিশ্চিত করে।

PMRT পর্যালোচনার নেতৃত্বে থাকে ঐ হাসপাতাল যেখানে শিশুর মৃত্যু হয়েছে এবং এতে শনাক্তযোগ্য তথ্য ব্যবহার করা হয়। PMRT কর্তৃক প্রস্তুতকৃত পর্যালোচনা রিপোর্ট মেডিকেল রেকর্ডে অন্তর্ভুক্ত করা হয় এবং মা-বাবার সাথে ফলোআপ সাক্ষাতের আলোচনার ভিত্তি হিসাবে ব্যবহৃত হয়।

## আপনার সন্তানের মৃত্যু সম্পর্কে স্থানীয় আলোচনা – চাইল্ড ডেথ রিভিউ মিটিং

আপনার সন্তানের মৃত্যুর আগে ও পরে তার কেয়ারে জড়িত বিভিন্ন পেশাদারদের মধ্যে একটি চূড়ান্ত সভা অনুষ্ঠিত হবে। এই সভার উদ্দেশ্য হলো আপনার সন্তানের মৃত্যুর কারণ বোঝার জন্য সকল তথ্য পর্যালোচনা করা এবং ভবিষ্যতে শিশু মৃত্যু প্রতিরোধে শিক্ষনীয় কিছু থাকলে সেগুলো চিহ্নিত করা। এই সভার একটি রিপোর্ট স্থানীয় চাইল্ড ডেথ ওভারভিউ প্যানেলে প্রেরণ করা হয় (পৃষ্ঠা 14 দেখুন)।

এই সভার প্রকৃতি কেমন হবে, এবং কোন পেশাদাররা এতে অংশ নেবেন সেটি নির্ভর করবে আপনার সন্তানের মৃত্যুর পরিস্থিতির উপর। একে বিভিন্ন নামে ডাকা হতে পারে যেমন 'চূড়ান্ত বিষয়বস্তু আলোচনা', 'হসপিটাল মর্টালিটি মিটিং' যদি শিশুর মৃত্যু হাসপাতালে থাকাকালে ঘটে, অথবা জন্মের ঠিক আগে বা পরে মৃত্যু হলে 'পেরিন্যাটাল মর্টালিটি রিভিউ মিটিং'।

আপনি সুযোগ পাবেন আপনার কোনো প্রশ্ন থাকলে সভায় আপনার কী ওয়ার্কারের মাধ্যমে সেগুলো উত্থাপন করার। পরবর্তীতে, যেকোনো ফলাফল সেইসাথে আপনার উত্থাপিত প্রশ্নের জবাব নিয়ে আলোচনা করার জন্য আপনার সাথে একজন যথাযথ সিনিয়র কর্মীর সাক্ষাতের ব্যবস্থা করা হবে। এই সাক্ষাৎ হতে পারে কোনো কনসালটেন্ট শিশু বিশেষজ্ঞ, নবজাতক বিশেষজ্ঞ, প্রসূতি বিশেষজ্ঞ অথবা সিনিয়র স্বাস্থ্য পেশাদারের সাথে। এই সাক্ষাৎ আয়োজনে আপনার কী ওয়ার্কার সহায়তা করতে পারেন।

## চাইল্ড ডেথ ওভারভিউ প্যানেল কী?

এটি একটি বহুমুখী সংস্থা নিয়ে গঠিত প্যানেল (যাকে চাইল্ড ডেথ ওভারভিউ প্যানেল (CDOP) বলা হয়), যা পর্যালোচনার পূর্ববর্তী ধাপগুলোর তুলনায় আরও বিস্তৃত প্রেক্ষাপটে সমস্ত শিশু মৃত্যুর ঘটনাগুলো খতিয়ে দেখে, যেখানে পূর্ববর্তী ধাপগুলোতে আপনার শিশুকে আলাদাভাবে বিবেচনা করা হয়েছিল।

18 বছরের কম বয়সী সকল শিশুর মৃত্যুর ঘটনা অবশ্যই CDOP-এর মাধ্যমে পর্যালোচনা করতে হবে। দেশজুড়ে এ ধরনের অনেকগুলো প্যানেল রয়েছে এবং আপনার শিশুর মৃত্যুর বিষয়টি সাধারণত সেই এলাকার প্যানেল দ্বারা পর্যালোচনা করা হবে যেখানে আপনার শিশু বসবাস করত। CDOP হলো বিভিন্ন পেশাজীবীদের সমন্বয়ে গঠিত দল, যারা বছরে কয়েকবার বৈঠক করে তাদের এলাকায় ঘটে যাওয়া সব শিশু মৃত্যুর ঘটনা পর্যালোচনা করে। প্যানেলকে কোনো মৃত শিশুর নাম বা এমন কোনো তথ্য দেওয়া হয় না যা থেকে তাদের শনাক্ত করা যেতে পারে; সমস্ত তথ্য সম্পূর্ণ বেনামে পর্যালোচনা করা হয়। তাদের মূল উদ্দেশ্য হলো এসব মৃত্যুর ঘটনা থেকে শিক্ষা নিয়ে ভবিষ্যতে এমন মৃত্যু প্রতিরোধের চেষ্টা করা।

**আইন অনুযায়ী প্রতিটি শিশু মৃত্যুর ঘটনা পর্যালোচনা করা উচিত, যাতে সম্ভব হলে ভবিষ্যতে এ ধরনের মৃত্যু প্রতিরোধ করা যায়**

যদিও আপনার শিশুর সেবায় নিয়োজিত পেশাদার ব্যক্তিরা এই প্যানেলে অন্তর্ভুক্ত থাকবেন না, তবে প্যানেলটি সেই পেশাদারদের কাছ থেকে একটি বিস্তারিত প্রতিবেদন গ্রহণ করবে

CDOP স্থানীয় পর্যায়ে দায়িত্বরত ব্যক্তিদের কাছে প্রাপ্ত শিক্ষা বা অভিজ্ঞতার ভিত্তিতে প্রয়োজনীয় সুপারিশ এবং প্রতিবেদন প্রদান করে। তারা প্রতিটি শিশুর মৃত্যুর ওপর আলাদা কোনো প্রতিবেদন তৈরি করে না, তবে প্রতিটি CDOP একটি বার্ষিক প্রতিবেদন তৈরি করে যা একটি পাবলিক ডকুমেন্ট। যে কেউ এই বার্ষিক প্রতিবেদনটি পড়তে পারেন, তবে এতে এমন কোনো তথ্য থাকবে না যা দিয়ে কোনো নির্দিষ্ট শিশু বা তার পরিবারকে শনাক্ত করা যায়।

## প্যানেলে কে থাকে?

প্যানেলে নিম্নলিখিত সংস্থার প্রতিনিধিরা থাকেন:

- জনস্বাস্থ্য বিভাগ
- স্থানীয় শিশু স্বাস্থ্য বিভাগ
- সামাজিক সেবা বিভাগ
- পুলিশ।

প্রয়োজনে বিশেষজ্ঞ পরামর্শ দেওয়ার জন্য অন্যান্য পেশাজীবীদের আমন্ত্রণ জানানো হতে পারে।

## আপনি কি চাইল্ড ডেথ ওভারভিউ প্যানেল-এ অন্তর্ভুক্ত হতে পারেন?

পরিবারগুলোকে এই পর্যায়ে প্যানেলের অংশ হতে বা তাদের শিশুর মৃত্যুর বিষয়ে আলোচনায় অন্তর্ভুক্ত হওয়ার জন্য আমন্ত্রণ জানানো হয় না। প্যানেলের প্রতিটি মিটিংয়ে অনেকগুলো মৃত্যুর ঘটনা নিয়ে আলোচনা করা হয় এবং আপনার শিশু বা সংশ্লিষ্ট পেশাদার ব্যক্তিদের পরিচয় শনাক্তকারী সকল তথ্য বেনামী রাখা হয়। প্যানেলের পর্যালোচনা বেনামী হওয়ার কারণে, এই মিটিং থেকে আপনাকে নির্দিষ্ট প্রতিক্রিয়া জানানো সম্ভব নয়। আপনার শিশুর মৃত্যু সংক্রান্ত এমন কোনো তথ্য যদি আপনার কাছে থাকে যা মিটিংয়ে জানানো প্রয়োজন বলে আপনি মনে করেন, তবে আপনার কী-ওয়ার্কারের (Key worker) মাধ্যমে তা CDOP অ্যাডমিনিস্ট্রেটরের কাছে জমা দেওয়া যেতে পারে।

## জাতীয় শিশু মৃত্যু ডেটাবেজ (NCMD)

জাতীয় শিশু মৃত্যু ডেটাবেজ ইংল্যান্ডের সেই সকল শিশুর তথ্য CDOP-এর কাছ থেকে সংগ্রহ করে, যারা তাদের 18তম জন্মদিনের আগে মৃত্যুবরণ করেছে। এর ভূমিকা হলো এই সকল তথ্য ও উপাত্তের বিস্তারিত বিশ্লেষণ ও ব্যাখ্যা প্রদান করা। এই তথ্যগুলো সংগ্রহের মূল লক্ষ্য হলো প্রতিটি মৃত্যুর ঘটনা থেকে শিক্ষা গ্রহণ করা, সেই শিক্ষণীয় বিষয়গুলো ব্যাপকভাবে শেয়ার করা এবং স্থানীয় ও জাতীয় পর্যায়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া, যাতে ভবিষ্যতে পরিহারযোগ্য শিশু মৃত্যুর হার কমিয়ে আনা যায়। **NCMD সম্পর্কিত আরও তথ্য এখানে পাওয়া যেতে পারে** .

# যদি শিশু মৃত্যু পর্যালোচনা প্রক্রিয়া অনুসরণ না করা হয়ে থাকে

কখনও কখনও বিদ্যমান প্রক্রিয়াগুলি প্রত্যাশিতভাবে সম্পন্ন নাও হতে পারে, এবং এটি উত্থাপন করা কঠিন হতে পারে, বিশেষ করে যখন এই নির্দেশিকার বিভিন্ন অংশ সব মৃত্যুর ক্ষেত্রে প্রযোজ্য হয় না।

**আপনার কী-ওয়ার্কার হওয়া উচিত আপনার যোগাযোগের প্রধান মাধ্যম**

আপনার শিশুর মৃত্যু পর্যালোচনার যেকোনো পর্যায়ে যদি আপনার মনে হয় যে আপনাকে সঠিক তথ্য জানানো হচ্ছে না বা কী ঘটছে তা আপনি বুঝতে পারছেন না, তবে আপনার সবার আগে আপনার কী-ওয়ার্কারের সাথে যোগাযোগ করা উচিত। আপনি চাইলে আপনার সহায়তায় নিয়োজিত অন্য কোনো পেশাদার ব্যক্তি অথবা কোনো চ্যারিটি বা অন্য কোনো সংস্থার সাথেও যোগাযোগ করতে পারেন যারা আপনাকে প্রয়োজনীয় সমর্থন দিতে পারে। যদি আপনার কাছে যোগাযোগ করার জন্য কেউ না থাকে, তাহলে অনুগ্রহ করে এই নির্দেশিকার শেষের তথ্য ও শোক সহায়তা বিভাগগুলো দেখুন।

যদি আপনার কী-ওয়ার্কার কে তা নিশ্চিত না হন, অথবা আপনাকে এখনও কোনো কী-ওয়ার্কার বরাদ্দ করা না হয়ে থাকে, তবে এমন কোনো পেশাদার ব্যক্তির সাথে যোগাযোগ করুন যার তথ্য আপনার কাছে আছে। তিনি হতে পারেন কোনো হাসপাতাল, হসপিস, পুলিশ অথবা করোনারের অফিস থেকে।

# পার্ট 2

# আপনার করণীয় বিষয়সমূহ

এই অংশে এমন কিছু বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে যা আপনাকে নিজে করতে হতে পারে। যদি আপনি এই কাজগুলো নিজে করতে না পারেন, তাহলে আপনি কাউকে সহায়তার জন্য অনুরোধ করার কথা ভাবতে পারেন।

## সহায়তা

শিশুর মৃত্যুর পরবর্তী প্রথম কয়েক দিন, সপ্তাহ এবং মাসগুলো অত্যন্ত কঠিন ও যন্ত্রণাদায়ক হয়। আপনার চিন্তাভাবনা বা অনুভূতি যাই হোক না কেন, শোক একটি ব্যক্তিগত অভিজ্ঞতা এবং এর কোনো নির্দিষ্ট সময়সীমা বা ধরাবাঁধা নিয়ম নেই। শোক প্রকাশের কোনো সঠিক বা ভুল পদ্ধতি নেই।

## আপনার সন্তানের মৃত্যুর নিবন্ধন করা

আপনাকে একটি অ্যাপয়েন্টমেন্ট গ্রহণ করে এবং সরাসরি রেজিস্টার অফিসে উপস্থিত হয়ে আপনার শিশুর মৃত্যুর নিবন্ধন করতে হবে। যদি আপনি ইতোমধ্যে আপনার শিশুর জন্ম নিবন্ধন না করে থাকেন, তবে আপনাকে সেটিও করতে হবে, জন্মের 42 দিনের মধ্যে জন্ম নিবন্ধন করা একটি আইনি বাধ্যবাধকতা। এটি সম্পূর্ণ আপনার ওপর নির্ভর করে যে আপনি একই ভিজিটে জন্ম ও মৃত্যু উভয় নিবন্ধন সম্পন্ন করবেন কি না। যদি আপনাকে মৃত্যুর কারণ উল্লেখ করা মেডিকেল সার্টিফিকেট দেওয়া হয়ে থাকে, তবে আপনাকে অবশ্যই আপনার শিশুর মৃত্যু নিবন্ধন করতে হবে। - মৃত্যুর পাঁচ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করা একটি আইনি বাধ্যবাধকতা। আপনাকে সার্টিফিকেটের সাথেই এই সংক্রান্ত তথ্য দেওয়া হতে পারে যে, কোথায় মৃত্যুর নিবন্ধন করতে হবে। যদি এটি সুবিধাজনক না হয়, তবে কিছু বিকল্প রয়েছে যেমন, আপনার নিকটস্থ কোনো স্থানীয় রেজিস্টার অফিসে গিয়ে একটি ঘোষণা প্রদান করা; প্রয়োজনে সংশ্লিষ্ট রেজিস্টার অফিস আপনাকে এ বিষয়ে আরও বিস্তারিত পরামর্শ দিতে পারে।

যদি আপনার শিশুরর মৃত্যুর বিষয়টি করোনারের কাছে পাঠানো হয়ে থাকে, তবে মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে কিছুটা বিলম্ব হতে পারে। করোনার যখন একটি ফরম 100A ইস্যু করবে, তখন থেকেই আপনি আপনার শিশুর মৃত্যু নিবন্ধন করতে পারবেন, যা নিশ্চিত করে যে মৃত্যুর কারণ জানা গেছে এবং এখন নিবন্ধন প্রক্রিয়া শুরু করা সম্ভব। কিছু ক্ষেত্রে, করোনার প্রথমে একটি ময়নাতদন্ত করার নির্দেশ দিতে পারেন, ময়নাতদন্ত শেষ হওয়ার পর যদি করোনার মনে করেন যে আর কোনো তদন্তের প্রয়োজন নেই, তবে তিনি রেজিস্টার অফিসে একটি ফরম 100B পাঠাবেন, যাকে সাধারণত (পিঙ্ক ফর্ম) বলা হয়। যদি একটি তদন্ত পরিচালিত হয়, তবে তদন্ত শেষ হওয়ার পর করোনার সরাসরি রেজিস্টার অফিসে রিপোর্ট প্রদান করবেন এবং এরপর রেজিস্ট্রার আপনার শিশুর মৃত্যু নিবন্ধন সম্পন্ন করবেন। আপনার শিশুর মৃত্যু নিবন্ধন সম্পন্ন হওয়ার পর, আপনি একটি মৃত্যু সনদ সংগ্রহ করতে পারবেন।

## আপনার শিশুর অন্ত্যেষ্টিক্রিয়ার পরিকল্পনা করা

আপনি যেকোনো সময় অন্ত্যেষ্টিক্রিয়ার পরিকল্পনা শুরু করতে পারেন, তবে এটি কেবল তখনই অনুষ্ঠিত করা যাবে যখন আপনার কাছে মৃত্যু সনদ বা করোনারের প্রদত্ত উপযুক্ত ফরম থাকবে। যদি আপনার ধর্মীয় বা অন্য কোনো বিশেষ রীতিনীতি থাকে যার কারণে শিশুর অন্ত্যেষ্টিক্রিয়া নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করা প্রয়োজন, তবে অনুগ্রহ করে যত দ্রুত সম্ভব হাসপাতালের কর্মী বা আপনার কী-ওয়ার্কারের সাথে কথা বলুন। যদি কোনো করোনার সংযুক্ত থাকে, তারা করোনারের দৃষ্টি আকর্ষণ করবেন। যদিও এটি সব সময় সম্ভব নাও হতে পারে, করোনার চেষ্টা করবেন আপনার ইচ্ছা অনুযায়ী ব্যবস্থা নেওয়ার।

আপনার পছন্দের অন্ত্যেষ্টিক্রিয়া পরিচালকের সাথে সম্ভাব্য সব বিকল্প নিয়ে আলোচনা করা আপনার জন্য সহায়ক হতে পারে। আপনার এবং আপনার পরিবারের জন্য কোনটি সবচেয়ে অর্থবহ হবে, তা ভেবে দেখার জন্য পর্যাপ্ত সময় নিন। দাফন এবং সৎকারের খরচ ভিন্ন হতে পারে, এছাড়াও এমন কিছু আনুষঙ্গিক খরচ থাকতে পারে যা হয়তো আপনি শুরুতে চিন্তা করেননি, তাই সব ব্যবস্থা চূড়ান্ত করার আগে অন্ত্যেষ্টিক্রিয়া পরিচালকের কাছ থেকে একটি লিখিত হিসাব চাওয়া বুদ্ধিমানের কাজ হবে।

যদি আপনার আয় কম হয়, আপনি '**ফিউনারাল এক্সপেন্সেস পেমেন্ট এর জন্য যোগ্য হতে পারেন**', এবং আপনার অন্ত্যেষ্টিক্রিয়া পরিচালক আপনাকে এ বিষয়ে আরও তথ্য জানাতে সহায়তা করতে পারবেন। ইংল্যান্ডের **শিশু অন্ত্যেষ্টিক্রিয়া তহবিল** 18 বছরের কম বয়সী শিশুর বা গর্ভধারণের 24তম সপ্তাহের পর মৃত শিশুর অন্ত্যেষ্টিক্রিয়ার কিছু খরচ মেটাতে সহায়তা করতে পারে। শিশুর অন্ত্যেষ্টিক্রিয়া ফান্ড (CFF) কোনো আয়ের ওপর ভিত্তি করে নির্ধারিত হয় না। এই তহবিলি দাফন ফি, সৎকার ফি (ডাক্তারের সনদ খরচসহ), এবং কফিন, কাফন বা ক্যাসকেটের জন্য (£300 পর্যন্ত) খরচ মেটাতে সহায়তা করতে পারে। আপনার যদি অন্ত্যেষ্টিক্রিয়ার অন্য কোনো খরচ থাকে, তবে আপনি অন্ত্যেষ্টিক্রিয়ার ব্যয় মেটানোর ভাতার জন্য আবেদন করতে পারেন।

## শিশু ভাতা এবং অন্যান্য পেমেন্ট

আপনি যদি আপনার শিশুর জন্য কোনো ভাতা বা সরঞ্জাম পেয়ে থাকেন, তবে সাধারণত আপনার শিশুর মৃত্যুর পরও কয়েক সপ্তাহ পর্যন্ত এই সুবিধাগুলো অব্যাহত থাকবে, তবে বিভিন্ন ধরনের ভাতার ক্ষেত্রে এই সময়সীমা ভিন্ন ভিন্ন হয়ে থাকে। আপনি যে সব সংস্থা থেকে ভাতা পান, তাদের সাথে যোগাযোগ করার দায়িত্ব আপনার নিজের, এই যোগাযোগে দেরি না করাই ভালো, কারণ দেরি করলে আপনি প্রয়োজনের চেয়ে বেশি অর্থ পেয়ে যেতে পারেন, যা পরবর্তীতে আপনাকে সরকারি নিয়ম অনুযায়ী ফেরত দিতে হবে। সরকার এ বিষয়ে তাদের ওয়েবসাইটে তথ্য প্রদান **করে।**

শিশু ভাতা সাধারণত শিশুর মৃত্যুর পর সর্বোচ্চ আট সপ্তাহ পর্যন্ত প্রদান করা হয়, তবে আপনাকে অবশ্যই চাইল্ড বেনিফিট অফিসকে জানাতে হবে যে আপনার শিশু মারা গেছে। আপনি এটি ফোনে বা ডাকযোগে করতে পারেন। আপনি এ বিষয়ে আরও তথ্য তাদের ওয়েবসাইটে **এখানে জানতে পারেন**।

এই সংস্থাগুলোর সাথে যোগাযোগ করা কঠিন হতে পারে, তাই আপনি চাইলে এই কাজটি করার জন্য কারো সহায়তা নিতে পারেন।

## বিবেচনা করার মতো অন্যান্য বিষয়গুলো

আপনার শিশুর GP এবং স্কুল বা কলেজকে সাধারণত কোনো স্বাস্থ্যসেবা পেশাজীবী খুব দ্রুতই শিশুর মৃত্যুর বিষয়ে জানিয়ে দেন, তবে কিছু পরিবার সরাসরি তাদের সঙ্গে যোগাযোগও করে থাকে। আপনি আপনার GP-কে অনুরোধ করতে পারেন যে, আপনার এবং আপনার পরিবারের রেকর্ডে আপনার শিশুর মৃত্যুর তথ্য একটি ফ্ল্যাগ হিসেবে যুক্ত করে দেন, যাতে প্রতিটি ভিজিটে কী ঘটেছে তা আপনাকে ব্যাখ্যা করতে না হয়।

ব্যাংক, বিল্ডিং সোসাইটি, স্থানীয় সামাজিক গ্রুপ, ধর্মীয় সংস্থা, ক্লাব, ডেন্টিস্ট এবং অপটিশিয়ানদের মতো আরও অনেক জায়গা থাকতে পারে যেখানে আপনার শিশুর তথ্য দেওয়া আছে; সময়ের সাথে সাথে এই জায়গাগুলোতেও আপনাকে বিষয়টি জানাতে হবে। আপনি যদি সুপারমার্কেট ক্লাব বা অনলাইন ক্লাবের মত কোনো শিশু বা শিশুদের গ্রুপে যোগ দিয়ে থাকেন, তাহলে আপনাকে তাদের জানাতে হবে যে আপনি আর কোনো তথ্য পেতে চান না।
অন্যথায়, আপনার সন্তানের প্রত্যাশিত অগ্রগতি সম্পর্কিত বিভিন্ন অফার ও তথ্যের ব্যাপারে আপনার সাথে যোগাযোগ অব্যাহত থাকতে পারে। এ ক্ষেত্রে মেইলিং পছন্দসেবা আপনাকে সহায়তা করতে পারে; **আপনি অনলাইনে এখানে নিবন্ধন করতে পারেন**।

যদি সেখানে আপনার সন্তানের কোনো ছবি থাকে, তাহলে আপনি সোশ্যাল মিডিয়ায় আপনার প্রাইভেসি সেটিংস পুনর্বিবেচনা করতে চাইতে পারেন, কারণ সেগুলো যদি সবার জন্য উন্মুক্ত থাকে তবে আপনার অনুমতি ছাড়াই পুনরায় ব্যবহার করা হতে পারে। যদি আপনার সন্তানের নিজস্ব সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্ট থাকে, তাহলে আপনি সেগুলো নিষ্ক্রিয় করতে পারেন, 'মেমোরালাইজড' অ্যাকাউন্টে রূপান্তর করতে পারেন অথবা 'সক্রিয়' অ্যাকাউন্ট হিসেবেই রেখে দিতে পারেন। অ্যাকাউন্টগুলো পরিবর্তন করতে হলে আপনাকে আপনার সম্পর্কের প্রমাণ এবং আপনার সন্তানের মৃত্যুসনদ সংশ্লিষ্ট সোশ্যাল মিডিয়া প্রদানকারীর কাছে জমা দিতে হবে।

এই পর্যায়ে কাজে ফিরে যাওয়ার বিষয়টি আপনি বিবেচনা না করতেও পারেন। **শোকাহতপিতামাতার জন্য বেতনসহ ছুটি** আপনাকে এবং আপনার সঙ্গীকে আপনার সন্তানের মৃত্যুর পরবর্তী বছরে সর্বোচ্চ দুই সপ্তাহ পর্যন্ত ছুটি নেওয়ার অধিকার দেয়, তবে আপনার কর্মস্থল সহানুভূতিশীল ছুটি সম্পর্কে তাদের নিজস্ব সিদ্ধান্তও নিতে পারে। প্রথম সপ্তাহের জন্য আপনি নিজেই অসুস্থতার কারণে অনুপস্থিতি স্বপ্রত্যয়ন করতে পারেন, এরপর অসুস্থতার ছুটি চালিয়ে যেতে হলে আপনাকে আপনার GP-এর কাছে গিয়ে একটি 'ফিট নোট' নিতে হবে। আপনার নিয়োগকর্তার অবস্থান এবং বেতনসহ ছুটির বিষয়ে আপনার অধিকার সম্পর্কে আরো তথ্য জানতে হলে আপনি আপনার কর্মস্থলের সাথে যোগাযোগ করার চেষ্টা করুন, অথবা প্রয়োজনে অন্য কাউকে দিয়ে যোগাযোগ করান।

আপনার জন্য এবং আপনার বড় পরিসরের পরিবারের জন্য আপনার অন্যান্য সন্তানদেরসহ মানসিক সহায়তা উপলভ্য রয়েছে। এই নির্দেশিকার শেষে তালিকাভুক্ত শোক সহায়তা সংস্থাগুলো আপনি যদি ইতিমধ্যে কোনো হাসপাতাল বা হসপিসের মাধ্যমে সহায়তা পেয়ে থাকেন তবুও আপনার এবং আপনার পরিবারের জন্য যে কোনো সময় উন্মুক্ত। শোক সহায়তা বিভিন্ন উপায়ে পাওয়া যায় যেমন আপনি ফোনে কথা বলতে স্বাচ্ছন্দ্যবোধ করলে অথবা ইমেইল করতে চাইলে, অনলাইনে যোগাযোগ করতে চাইলে কিংবা সরাসরি দেখা করতে চাইলে অর্থাৎ বিভিন্ন ভাবেই এটি পাওয়া যাবে।

যদি আপনার কোনো সময় তাৎক্ষণিক সহায়তার প্রয়োজন হয়, তাহলে **116 123** নম্বরে ফোন করে **Samaritans (সামারিটানস)**এর সাথে সব সময়ের জন্যই যোগাযোগ করতে পারেন।

## আরো তথ্যের জন্য কোথায় যেতে হবে

**শিশু মৃত্যু পর্যালোচনা** এর বিস্তারিত বর্ণনা শিশু মৃত্যু পর্যালোচনা- পেশাজীবীদের জন্য কার্যকরী ও বিধিবদ্ধ নির্দেশিকা এ দেওয়া হয়েছে। আপনি যদি প্রক্রিয়াটি সম্পর্কে আরো বিস্তারিত জানতে চান, তাহলে এটি দেখতে পারেন।

## করোনার্স' কোর্টস সাপোর্ট সার্ভিস

একটি স্বেচ্ছাসেবী সহায়তা সংস্থা, যা করোনারের আদালতে ইনকোয়েস্টে উপস্থিত হওয়া পরিবারগুলোর জন্য মানসিক ও ব্যবহারিক সহায়তা প্রদান করে। আপনি তাদের **ওয়েবসাইটে আরো তথ্য এখানে পেতে পারেন**।

## ময়নাতদন্ত

NHS ময়নাতদন্ত সম্পর্কে অনলাইন তথ্য প্রদান করে এবং কোথা থেকে আরো বিস্তারিত তথ্য পাওয়া যায় সে সম্পর্কেও জানায়। আপনি তাদের **ওয়েবসাইটে আরো কিছু এখানে পেতে পারেন**।

# শোক সহায়তার উৎস

আপনাকে সহায়তা প্রস্তাব করা উচিত এবং এমন স্থানীয় সেবা ও সংস্থার দিকনির্দেশনা দেওয়া উচিত, যেগুলোর সাথে যোগাযোগ করা আপনার জন্য সহায়ক হতে পারে। নিম্নলিখিত জাতীয় সংস্থাগুলোও সহায়তা ও পরামর্শ প্রদান করতে পারে। এই সব সংস্থাই পরিবারগুলোর জন্য শোক সহায়তা প্রদান করে, তবে আমরা কোনো নির্দিষ্ট সংস্থাকে সুপারিশ করতে পারি না। আপনি চাইলে**ন্যাশনাল বেরিভমেন্ট অ্যালায়েন্স**ও দেখতে পারেন, যা এমন মানদণ্ড নির্ধারণ করে যেগুলোর দিকে এই সংস্থাগুলোর কিছু কাজ করে। এগুলো প্রস্তাবিত যোগাযোগের ঠিকানা:

## ব্লিস

নির্ধারিত সময়ের আগে জন্ম নেওয়া বা অসুস্থ শিশুদের পরিবারের জন্য তথ্য ও সহায়তা।

www.bliss.org.uk
020 7378 1122
hello@bliss.org.uk

## কেয়ার ফর দ্য ফ্যামিলি – ব্রেভড প্যারেন্ট সাপোর্ট

যে কোনো পিতা-মাতার জন্য সহপাঠীভিত্তিক সহায়তা, যাদের ছেলে বা মেয়ে যে কোনো বয়সে, যে কোনো পরিস্থিতিতে এবং শোকের যে কোনো পর্যায়ে মারা গেছে।

https://www.careforthefamily.org.uk
029 2081 0800
mail@cff.org.uk

## চাইল্ড বেরিভমেন্ট UK

যখন কোনো শিশু বা নবজাতক মারা যায় বা মৃত্যুর পথে থাকে, অথবা কোনো শিশু শোকের মুখোমুখি হয়, তখন এটি পরিবারকে সহায়তা করে এবং পেশাজীবীদের প্রশিক্ষণ দেয়।

www.childbereavementuk.org
0800 02 888 40
helpline@childbereavementuk.org

## চাইল্ড ডেথ হেল্পলাইন

যেকোনো বয়সের শিশুর যেকোনো কারণে মৃত্যুর দ্বারা প্রভাবিত যে কারও জন্য।

www.childdeathhelpline.org.uk
0800 282986

## দ্য কমপ্যাশনেট ফ্রেন্ডস

শোকাহত পিতামাতা ও তাদের পরিবারের জন্য সহায়তা।

www.tcf.org.uk
0345 123 2304
helpline@tcf.org.uk

## দ্য লুলাবাই ট্রাস্ট

হঠাৎ এবং অপ্রত্যাশিতভাবে কোনো নবজাতক বা ছোট শিশুর মৃত্যুর দ্বারা প্রভাবিত যে কারও জন্য সহায়তা।

www.lullabytrust.org.uk
0808 802 6868
support@lullabytrust.org.uk

## SUDC-UK

যে কোনো পরিবারকে সহায়তা করে, যাদের 1 থেকে 18 বছর বয়সী সন্তান হঠাৎ মারা গেছে এবং যার কোনো তাৎক্ষণিক স্পষ্ট কারণ নেই।

www.sudc.org.uk
07880 350942
info@sudc.org.uk

## সেন্ডস

কোনো নবজাতকের মৃত্যুর দ্বারা প্রভাবিত যে কারও জন্য সহায়তা।

www.sands.org.uk
0808 164 3332
helpline@sands.org.uk

## অ্যা চাইল্ড অব মাইন

শোকাহত পরিবারগুলোর জন্য মানসিক ও ব্যবহারিক সহায়তা প্রদান করে।

www.achildofmine.org.uk
01785 785 819
hello@achildofmine.org.uk

## টুইন ট্রাস্ট

একাধিক সন্তানের মৃত্যুর দ্বারা প্রভাবিত যে কারও জন্য সহায়তা।

https://twinstrust.org/bereavement.html
0800 138 0509
enquiries@twinstrust.org

## 2Wish

25 বছর পর্যন্ত বয়সী কোনো শিশু বা তরুণের হঠাৎ মৃত্যুর দ্বারা প্রভাবিত যে কারও জন্য তাৎক্ষণিক ও ধারাবাহিক সহায়তা প্রদান করে।

www.2wish.org.uk
01443 853125
info@2wish.org.uk

**এছাড়াও এমন বেশ কিছু উপকারী সংস্থা রয়েছে, যারা শোকাহত পরিবারগুলোর জন্য উপলভ্য অনেক ছোট, বিশেষায়িত এবং স্থানীয় সংস্থার তথ্য সংরক্ষণ করে।**

**নিচে তালিকাভুক্ত সংস্থাগুলোর মধ্যে কোনো একটির মাধ্যমে আপনি আপনার পরিস্থিতির সাথে আরো নির্দিষ্টভাবে মানানসই কোনো সংস্থা খুঁজে পেতে পারেন, যেখানে আপনি আপনার পরিস্থিতি অনুযায়ী নির্দিষ্ট শোক সহায়তা খুঁজতে পারবেন। তারা এমন অন্যান্য দাতব্য সংস্থার বিবরণও তালিকাভুক্ত করে, যারা আপনাকে সহায়তা করতে পারে।**

## দ্য চাইল্ডহুড বেরিভমেন্ট নেটওয়ার্ক

শোকাহত শিশু ও তরুণদের সহায়তা করে

www.childhoodbereavementnetwork.org.uk

## অ্যাট আ লস

যুক্তরাজ্যের শোক সহায়তা সংক্রান্ত দিকনির্দেশনা ও তথ্যভিত্তিক ওয়েবসাইট

www.ataloss.org

## দ্য গুড গ্রিফ ট্রাস্ট

এতে এমন পরিবারগুলোর ভিডিও গল্প ও প্রবন্ধ রয়েছে, যারা অল্প বয়সে এবং প্রাপ্তবয়স্ক অবস্থায় সন্তান হারিয়েছেন এবং তাদের সহায়তা করা পেশাজীবীদের বিভিন্ন উদ্যোগও এতে শেয়ার করা হয়।

www.thegoodgrieftrust.org

# স্পনসরশিপ লোগোস

A Child of Mine
Supporting Bereaved Parents

Child Bereavement UK
REBUILDING LIVES TOGETHER

the lullaby trust

At a Loss.org
Helping the bereaved find **support**

sands
Saving babies' lives.
Supporting bereaved families.

National Bereavement Alliance

Bliss
for babies born premature or sick

NHS
England

Childhood Bereavem Network

2wish

The Compassionate Friends

Child Death HELPLINE
We're here to listen

Twins trust.

Care for the Family

SUDC UK
Sudden Unexplained Death in Childhood
an affiliate of the SUDC Foundation

the good grief trust
Help & hope in one place

NHS England

ন্যাশনাল চাইল্ড মর্টালিটি ডেটাবেস (NCMD) **হলো NHS ইংল্যান্ড অর্থায়িত একটি কর্মসূচি**

NCMD
National Child Mortality Database